

“অভয়াশ্রম গড়ে তুলি

দেশি মাছে দেশ ভরি”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
কাপাসিয়া, গাজীপুর।
www.fisheries.kapasia.gazipur.gov.bd

স্মারক নং-৩৩.০২.৩৩৩৬.৫০১.২৬.০০৬.১৮.১৩৬

তারিখঃ ১১/০৮/২০২৫ খ্রিঃ

বিষয়: জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫ (১৮ আগস্ট হতে ২৪ আগস্ট পর্যন্ত) উদযাপন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২২ জুলাই ২০২৫ তারিখ বাংলাদেশ চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে “জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫” এর উদ্বোধন অনুষ্ঠানের জন্য নির্ধারিত ছিল। কিন্তু গত ২১/০৭/২০২৫ তারিখ রাজধানীর দিয়াবাড়ী এলাকায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ ক্যাম্পাসে বিমান দুর্ঘটনায় মর্মান্তিক প্রাণহানির ঘটনায় গভীর শোক ও শ্রদ্ধা জানিয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ এর উদ্বোধন অনুষ্ঠান স্থগিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক “অভয়াশ্রম গড়ে তুলি, দেশি মাছে দেশ ভরি’- এই শ্লোগানকে সামনে রেখে আগামী ১৮ আগস্ট হতে ২৪ আগস্ট ২০২৫ খ্রি. পর্যন্ত মোট ০৭ (সাত) দিন ব্যাপী জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ উদযাপিত হবে মর্মে জানানো হয়। এ উপলক্ষে আগামী ১৮ আগস্ট সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা পরিষদ হল রুমে আলোচনা সভা, বর্ণাঢ্য সড়ক র্যালী, মাছের পোনা অবমুক্ত করণ ও মৎস্য পুরস্কার প্রদান করা হবে। অনুষ্ঠানটিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জনাব তামান্না তাস্নীম, উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর। উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য আপনাকে বিনীত অনুরোধ করা হলো।

(মোঃ আশরাফুল্লাহ)

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
কাপাসিয়া, গাজীপুর।

ও

সদস্য সচিব

জাতীয় মৎস্য সপ্তাহ/২০২৫ খ্রিঃ উদযাপন কমিটি
কাপাসিয়া, গাজীপুর।

তারিখঃ ১১/০৮/২০২৫ খ্রিঃ

স্মারক নং-৩৩.০২.৩৩৩৬.৫০১.২৬.০০৬.১৮.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১. উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর ও সভাপতি, ‘জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫’ বাস্তবায়ন সম্পর্কিত উপজেলা কমিটি, কাপাসিয়া, গাজীপুর।
০২. উপজেলা -----কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর ও সদস্য ‘জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫’ বাস্তবায়ন সম্পর্কিত উপজেলা কমিটি, কাপাসিয়া, গাজীপুর।
০৩. জনাব-----সদস্য, বাস্তবায়ন সম্পর্কিত উপজেলা কমিটি, কাপাসিয়া, গাজীপুর।
০৪. অফিস নথি।

(মোঃ আশরাফুল্লাহ)

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
কাপাসিয়া, গাজীপুর।